

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রধানমন্ত্রীর কাছে নিয়ে কটুক্তিকারী সেই শিক্ষক চাকরিচ্যুত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি > সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষককে চাকরি থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এদিকে ছুটি শেষ হওয়ার তিন বছর পরও কর্মস্থলে যোগ না দেওয়ায় আরেক সহকারী অধ্যাপককে বিশ্ববিদ্যালয় থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। সোমবার রাতে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের নিয়মিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ তথ্য নিশ্চিত করেছেন একাধিক সিন্ডিকেট সদস্য। জানা যায়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন টেকনোলজি ইনস্টিটিউটের প্রভাষক ও বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াতপন্থী শিক্ষক হিসেবে পরিচিত মো. রুহুল আমিন খন্দকার ২০১১ সালের ১৩ আগস্ট (রবিবার) সন্ধ্যা ৫টা ৪০ মিনিটে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যু কামনা করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি স্টেটাস দিয়েছিলেন। তাতে লেখা ছিল, “পরীক্ষা ছাড়া ড্রাইভিং লাইসেন্স দেওয়ার ফল তারেক ও মিশুক মুনীরসহ নিহত ৫ : সবাই মরে, হাসিনা মরে না কেন?” ২০১১ সালের ১৮ আগস্ট কালের কণ্ঠে ফেসবুকে প্রধানমন্ত্রীর মৃত্যু কামনা

করলে জাবির শিক্ষক শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হলে ক্যাম্পাসে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। সংবাদ প্রকাশিত হওয়ার পরের দিন ১৮ আগস্ট প্রধানমন্ত্রীর কাছে নিয়ে কটুক্তি করায় কেন ওই শিক্ষকের বিরুদ্ধে ফৌজদারি আইনে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না তা জানতে চেয়ে হাইকোর্ট একটি রুল জারি করেন। রস্ট্রপক্ষ থেকে ডেপুটি অ্যাটর্নি

তিন বছর পরও কর্মস্থলে যোগ না দেওয়ায় আরেক শিক্ষককে অব্যাহতি

জেনারেল আলতাফ হোসেন কালের কণ্ঠে প্রকাশিত সেই প্রতিবেদন আদালতে উপস্থাপন করলে এই রুল জারি করা হয়। পরবর্তী সময়ে ২০১৫ সালের ১২ আগস্ট মো. রুহুল আমিন খন্দকারকে তিন বছরের সশ্রম কারাদণ্ড দেন আদালত। একই সঙ্গে ১০ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে অতিরিক্ত ছয় মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়। আদালতে মো. রুহুল আমিন খন্দকারের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সোমবার

রাতে তাঁকে বিশ্ববিদ্যালয় থেকে অব্যাহতি দেওয়া হয়।

৪৫ বছর পদার্পণ উপলক্ষে চার দিনের অনুষ্ঠান

৪৫ বছর পদার্পণ করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। এ উপলক্ষে গতকাল মঙ্গলবার চার দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পাশাপাশি আয়োজক হিসেবে আছে জাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। গতকাল সকালে জাতীয় সংগীত এবং পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য ড. ফারজানা ইসলাম। উদ্বোধনকালে তিনি বলেন, ‘জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আজ ৪৫ বছর পদার্পণ করেছে। মানুষের জীবনের ক্ষেত্রে এই ৪৫ বছর একটা বড় অংশ হলেও প্রতিষ্ঠানের জন্য তা খুব একটা দীর্ঘ সময় নয়। বিশ্ববিদ্যালয়ের বর্তমান কর্তৃপক্ষ সংকীর্ণতা ও সীমাবদ্ধতা অতিক্রম করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে বিশ্বে মর্যাদাপূর্ণ বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠা করার চেষ্টা করছে।’ উপাচার্য আরো বলেন, ‘জ্ঞান ও বুদ্ধিকে শাণিত করে ব্যক্তিবর্ষের উর্ধ্ব উঠে বিশ্ববিদ্যালয়ের স্বার্থকে গুরুত্ব দিতে হবে।’